

গার্হস্থ্য অর্থনীতি কলেজে অচেনা পোকার উপদ্রব শিক্ষামন্ত্রীর পরিদর্শন, তিনটি বিশেষজ্ঞ দল গঠন

নিজস্ব প্রতিবেদক ▶

রাজধানীর গার্হস্থ্য অর্থনীতি কলেজে এক ধরনের অচেনা পোকার উপদ্রব ঘটেছে। এই পোকার কারণে এক সপ্তাহ ধরে কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিস্তার করেছে। শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইসলাহ নাহিদ/গতকাল বুধসপ্তিমবার কলেজটি পরিদর্শন করেছেন। পোকার উপদ্রব মোকাবিলা এদের সম্পর্কে তথ্য উদ্‌ঘাটন ও করণীয় নির্ধারণের জন্য শিক্ষামন্ত্রীর নির্দেশে তিনটি বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের নিয়ে আন্দান তিনটি পর্যবেক্ষণ দল গঠন করা হয়েছে। গার্হস্থ্য অর্থনীতি কলেজের বিশাল একটি রেইনট্রি গাছে এই পোকার অর্ধবর্গাব ঘটেছে। এরা উড়তে পারে না। গাছ থেকে পোকাগুলো দলবেধে ক্রাসক্রম, করিডর, ড্রেনমহ সর্বত্র বিচরণ শুরু করেছে। লাখ লাখ পোকা এখন কলেজ ক্যাম্পাসে বিচরণ করছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর ইফ্রাত আরা নার্বিন আনিয়োছেন। এরই মধ্যে কয়েকজন শিক্ষক পোকার

ঘরা আক্রান্ত হয়েছেন। শরীরের যে অংশে পোকার স্পর্শ লাগে সে স্থান লাল হয়ে যায় এবং ফোসকা ওঠে। এদিকে শিক্ষামন্ত্রীর নির্দেশ পেয়ে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কীটতত্ত্ব বিভাগের পাঁচ সদস্যবিশিষ্ট একটি বিশেষজ্ঞ দল গতকালই গার্হস্থ্য অর্থনীতি কলেজে পর্যবেক্ষণকাজ শুরু করেছে। এ দলের সদস্যরা হলেন অধ্যাপক ড. আবদুল গতিফ, অধ্যাপক ড. রজব আলী, ড. নিজামুর রহমান, একজন ফার্ম সুপার এবং একজন সহকারী। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কীটতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. আবুল মঞ্জুর খানের নেতৃত্বে তিন সদস্যবিশিষ্ট আরেকটি টিম আজ শুক্রবার সকাল থেকে পর্যবেক্ষণকাজ শুরু করবে। টিমের অন্য দুজন হলেন প্রফেসর ড. খন্দকার শরীফুল ইসলাম ও প্রফেসর ড. গোপাল দাস। এর আগে গত বুধবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি বিশেষজ্ঞ দল পর্যবেক্ষণ শুরু করেছে।